

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Md. Shahriar Alam, MP
State Minister
মোঃ শাহরিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী



MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

১৭ মার্চ ২০২২

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উপলক্ষে আমি বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল শহীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানাই। আজকের এই শুভ দিনে সকল শিশু কিশোরকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বঙ্গবন্ধু বাঙালি জাতির অবিসংবাদিত নেতা। তাঁর ঐন্দ্রজালিক নেতৃত্ব ও সম্মোহনী ব্যক্তিত্ব সমগ্র জাতিকে একসূত্রে গ্রথিত করেছিল। বঙ্গবন্ধুর হাত ধরেই এদেশে উন্নয়ন ও সুশাসনের বীজ রোপিত হয়েছিল। তিনি মুক্তিযুদ্ধে প্রায় সম্পূর্ণরূপে ধ্বংসপ্রাপ্ত এবং অর্থনীতিতে পশ্চাৎপদ বাংলাদেশের নেতৃত্ব গ্রহণ করেন। মাত্র সাড়ে তিন বছরে জাতির পিতা যখন যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের পুনর্বাসন ও পুনর্গঠনের কাজ সম্পন্ন করেন ঠিক সেই সময় দেশ ও জাতির শত্রু কতিপয় কুচক্রী তাঁকে হত্যা করে দেশের অগ্রগতিকে থামিয়ে দেয়।

বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতি অর্জন করেছে যার ফলে সাধারণ মানুষের জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে। দারিদ্র্য বিমোচন, স্থিতিশীল প্রবৃদ্ধি, পরিবেশ সংরক্ষণ, নারীর ক্ষমতায়ন, মানবসম্পদ উন্নয়নসহ বাংলাদেশ আজ বিশ্বে 'উন্নয়নের রোল মডেল' হিসেবে স্বীকৃতি পেয়েছে। উন্নয়নের এ অগ্রযাত্রায় প্রবাসী বাংলাদেশিদের সক্রিয় অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা কামনা করছি।

বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে জাতির পিতার ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপনের জন্য বিদেশে অবস্থিত বাংলাদেশের সকল দূতবাসের কর্মকর্তা- কর্মচারী এবং প্রবাসী বাংলাদেশিদের অভিনন্দন জানাই।

আমি বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসের সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ শাহরিয়ার আলম, এমপি